


বিজ্ঞানের কথা আর দৈনন্দিন অভ্যাসের মেলবন্ধন: একটি প্রস্তাবনা  
ভূপতি চক্রবর্তী  
প্রাক্তন বিভাগীয় প্রধান, পদার্থবিদ্যা বিভাগ, সিটি কলেজ, কলকাতা  
প্রাক্তন সাধারণ সম্পাদক, ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অব ফিজিক্স টিচার্স



ড: ভূপতি চক্রবর্তী কলকাতা সিটি কলেজের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান ছিলেন। তিনি ২০১৫-২০১৮ পর্যন্ত ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অব টিচার্স এর সাধারণ সম্পাদক ছিলেন। বিজ্ঞানের প্রচার, প্রসার ও জনপ্রিয়করণে ড: চক্রবর্তীর ভূমিকা অনস্বীকার্য।

### সারসংক্ষেপ

বিশেষ কিছু প্রযুক্তির উল্লেখযোগ্য প্রসারের কতগুলি ফল আমাদের দৈনন্দিন জীবনকে ব্যাপক প্রভাবিত করেছে। মোবাইল ফোন আমাদের সময় ও মনোযোগ অনেকটাই দাবী করেছে। ইন্টারনেটে উপলব্ধি বহু প্রকারের বিষয় সম্ভার ও তাদের পরিবেশনা বিপুল চিত্তাকর্ষক চেহারা নিয়ে আমাদের মোবাইল ফোন বাহিত হয়ে সর্বদা আমাদের সঙ্গ দিচ্ছে। হোয়াটসঅ্যাপ হয়ে উঠেছে জীবনের অঙ্গ। এছাড়া আমরা ফেসবুক টুইটারের মতো সামাজিক মাধ্যমে (সোশ্যাল মিডিয়া) খানিকটা সময় অনেকেই রোজ ব্যয় করছি। এগুলির ভালো মন্দ নিয়ে কিছু বিতর্ক রয়েছে বিভিন্ন কারণে। আমরা জানি যে এগুলির মধ্যে দিয়ে যে সব বিষয় ছড়িয়ে দেওয়া হচ্ছে তার অনেক কিছু নানা ধরনের সমস্যা নিয়ে আসছে। ঘটছে বহু অবাঞ্ছিত ক্ষেত্রবিশেষে মিথ্যা বিষয়ের প্রচার। নানা বয়সের মানুষের ওপর সেগুলি অনেক ধরনের প্রভাব ফেলছে। এরকম মাধ্যমে আরো সুস্থ ও অর্থবহ বিষয়বস্তুর উপস্থাপনার প্রয়োজন রয়েছে বলে মনে হয়। কারণ এক বড় অংশের মানুষের কাছে এই শক্তিশালী মাধ্যমগুলি এখন অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

এরকম প্রেক্ষাপট মাথায় রেখে এই মাধ্যমগুলিকে নিয়মিত বিজ্ঞান প্রচার, প্রসার ও জনপ্রিয়করণের একটি মঞ্চ হিসেবে ব্যবহার করার কথা চিন্তা করার সময় এসেছে বলে মনে হয়। এর জন্য একটি সুপরিকল্পিত উদ্যোগের প্রয়োজন রয়েছে। সংশ্লিষ্ট উপস্থাপনায় এই বিষয়টি বিশদভাবে আলোচিত হবে।